ভোরের কাগজ

তারিখ ...15 DE... 199 ... ...
পৃষ্ঠা ৬ কলাম ২

# বাউবির গ্রন্থাগারে মুক্তিযুদ্ধের উপর কর্নার তৈরি করা হবে

## —উপাচার্য

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) কেন্দ্রীয় লাইব্রেরিতে মুক্তিযুদ্ধের ওপর একটি কর্নার তৈরি করা হবে। এতে মুক্তিযুদ্ধের বিভিন্ন প্রামাণ্য দলিল, ছবি, বই ও স্মৃতিচিহ্ন সংরক্ষণ করা হবে। গতকাল সোমবার বাউবির গাজীপুর ক্যাম্পাসে শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে আয়োজিত এক আলোচনা সভায় উপাচার্য অধ্যাপক এম আমিনুল ইসলাম এ ঘোষণা দেন। উপাচার্য আরো বলেন, শুধু কর্নারই নয় বাউবির বিভিন্ন বিল্ডিং ও রাস্তারও নামকরণ করা হবে শহীদ বুদ্ধিজীবী ও মুক্তিযোদ্ধাদের নামে। তিনি বলেন, এ প্রক্রিয়া সম্পন্ন হলেই মুক্তিযোদ্ধাদের প্রতি সত্যিকার সম্মান জানানো হবে। তিনি বাউবির বিভিন্ন পাঠ্যপুস্তকে মুক্তিযুদ্ধের প্রকৃত ইতিহাস তুলে ধরারও প্রস্তাব দেন। এছাড়া সভায় শহীদ বুদ্ধিজীবী হত্যাকারীদের চিহ্নিত করা এবং তাদের বিচার দাবি করা হয়।

আলোচনা সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন, উপ-উপাচার্য অধ্যাপক আর আই শরীফ, ডিন অধ্যাপক ড. আবদুল আউয়াল খান, ডিন অধ্যাপক মোস্তাফিজুর রহমান, ডা. এ কে এম আলমগীর, উপ-পরিচালক শওকত আলী মোল্লা, শিক্ষক মিরাজ আহমেদ ও কর্মচারীদের পক্ষে মশিহুর রহমান।

এর আগে উপাচার্যের নেতৃত্বে বাউবির সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী মিরপুর শহীদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করেন। বিজ্ঞপ্তি।